# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮২০

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - ফিত্বরার বর্ণনা

## আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ ثَعْلَبَةَ أَوْ ثَعْلَبَةَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي صُعَيْرٍ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَاعٌ مِنْ بُرٍّ أَوْ قَمْحٍ عَنْ كُلِّ اثْنَيْنِ صَغِيرٍ أَوْ كَبِيرٍ حُرٍّ أَوْ عَبْدٍ ذَكَرٍ أَوْ أُنْثَى. أَمَّا غَنِيُّكُمْ فَيُزَكِّيهِ اللَّهُ. وَأَمَّا فَقِيرُكُمْ فَيَرُدُّ عَلَيْهِ أَكْثَرَ مَا أعطَاهُ» . رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

১৮২০-[৬] ’আবদুল্লাহ ইবনু সা’লাবাহ্ অথবা সা’লাবাহ্ ইবনু ’আবদুল্লাহ ইবনু আবূ সু’আয়র তার পিতা হতে বর্ণনা করেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এক সা’ গম প্রত্যেক দু’ ব্যক্তির পক্ষ হতে। ছোট কিংবা বড়, আযাদ গোলাম, পুরুষ অথবা নারী। তোমাদের মধ্যে যে ধনী তাকে আল্লাহ এর দ্বারা পবিত্র করবেন। কিন্তু যে গরীব তাকে আল্লাহ ফেরত দেবেন, যা সে দিয়েছিল তার চেয়ে অধিক। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ লিগায়রিহী : আবূ দাঊদ ১৬১৯, আহমাদ ২৩৬৬২, দারাকুত্বনী ২১০৭, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭৭০৯, সহীহ আত্ তারগীব ১০৮৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীস হতে বুঝা যায় যাকাতুল ফিত্বর ধনী-গরীব সকলকেই দিতে হবে। এর মাধ্যমে আল্লাহ ধনীদের পবিত্র করবেন আর সেটা আদায়ের পর গরীবদের আবার কয়েকগুণ বেশী ফিরিয়ে দিবেন। সুতরাং যারা ফিত্বরাহ্ আদায়ের জন্য নিসাব নির্ধারণ করেন তাদের মাযহাব ঠিক নয়। আর উক্ত হাদীসে গমে আধা সা' দেয়ার বিরুদ্ধে বর্ণনা করছে। তবে হাদীসটি মুযতারিব (ইখতেলাফপূর্ণ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56380

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন